



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং-০১

৩০ পৌষ ১৪৩১
তারিখ: -----
১৪ জানুয়ারি ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক কোম্পানীতে বিকল্প পরিচালক নিয়োগে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং-২ তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলারের ৬ (খ) অনুচ্ছেদ মোতাবেক বিকল্প পরিচালক নিয়োগের সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংক বরাবর প্রয়োজনীয় নথি/তথ্যাবলি দাখিলের নির্দেশনা রয়েছে। তবে, নির্বাচিত বিকল্প পরিচালক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে শুধুমাত্র অবহিতকরণপূর্বক ব্যাংকের পরিচালনা পর্ষদে অংশগ্রহণ করতে পারেন।
- ব্যাংকিং খাতে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত সার্কুলারের অনুবৃত্তিক্রমে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ব্যাংক কোম্পানীর কোনো পরিচালক বিদেশে অন্যান্য ৩ (তিন) মাস মেয়াদে নিরবচ্ছিন্নভাবে অবস্থানজনিত অনুপস্থিতির কারণে সার্কুলারে বর্ণিত যথাযথ নির্দেশনা অনুসরণপূর্বক বিকল্প পরিচালক নিয়োগ দিতে পারবেন। তবে, নিয়োগপ্রাপ্ত বিকল্প পরিচালক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে বিকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন বা পর্ষদ/পর্ষদের সহায়ক কমিটির কোনো সভায় অংশগ্রহণ করতে পারবেন না।
- ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫ককক (৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০০৯৫